গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিদর্শী অতিরিক্ত কর কমিশনারের কার্যালয়
পরিদর্শী রেঞ্জ-১, রংপুর, কর অঞ্চল-রংপুর
কর ভবন, ইসলামবাগ, আর.কে রোড, রংপুর।

নথি নং ০৮.০১.৮৫০০.৫৪১.০০১.১১.০০০৬.২৬.৮১৭ তারিখঃ ২২ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ।

বিজ্ঞপ্তি

বিষয়ঃ গাড়ী চালক (ড্রাইভার) পদের ড্রাইভিং টেস্ট এর ফলাফল প্রকাশ এবং গাড়ী চালক (ড্রাইভার) ও অফিস সহায়ক পদের মৌখিক পরীক্ষার সময়সূচি।

এতদ্বারা সশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর অঞ্চল-রংপুর এর গাড়ী চালক (ড্রাইভার) পদের ড্রাইভিং টেস্ট ২২ নভেম্বর, ২০২৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত হয়। ড্রাইভিং টেস্টে অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে উত্তীর্ণ নিম্নোক্ত প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত হয়েছেন।

ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের তালিকা:

14000052	14000361	14000532	14000691	14000794	14000813
14000965	14000976	14000989	= ৯ জন		

গাড়ী চালক (ড্রাইভার) পদের ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৪ নভেম্বর, ২০২৬ খ্রি: তারিখ সকাল ৯.০০টা হতে কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-রংপুর (কর ভবন, ইসলামবাগ, আর.কে রোড, রংপুর)-এ অনুষ্ঠিত হবে।

২. গত ২০ নভেম্বর, ২০২৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত অফিস সহায়ক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ নিম্নোক্ত প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৪ নভেম্বর, ২০২৬ খ্রি: তারিখ সকাল ১০.৩০টা হতে কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-রংপুর (কর ভবন, ইসলামবাগ, আর.কে রোড, রংপুর)-এ অনুষ্ঠিত হবে।

15000135	15000388	15000476	15000621	15000731	15001002	15001076	15001114
15001118	15001137	15001539	15002000	15002043	15002671	15003001	15003108
15003789	15003973	15004008	15004550	15004699	15004712	15004829	15004894
15005161	15005396	15006002	15006293	15006382	15006711	15007096	15008120
15008470	15008490	15008563	15008578	15008657	15008899	15009130	মোট=৩৯ জন

শর্তাবলি:

ক। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের নির্ধারিত সময়ের কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে উপস্থিত হতে হবে;

খ। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় লিখিত পরীক্ষার প্রবেশপত্র এবং জাতীয় পরিচয়পত্রের মূল কপি সঙ্গে আনতে হবে (জাতীয় পরিচয়পত্র হারিয়ে গেলে তা পুনঃপ্রাপ্তির জন্য যথাযথ পদ্ধতি অনুসরণ করে দাখিলকৃত প্রয়োজনীয় ডকুমেন্টস);

গ। সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি;

ঘ। মৌখিক পরীক্ষার বোর্ডে সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে;

ঙ। প্রার্থীদের বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি; বয়স প্রমাণের জন্য এফিডেভিড গ্রহণযোগ্য হবে না;

চ। আবেদনকারী প্রার্থীর স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

ছ। ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা (অনধিক ২ মাস) সত্যায়িত রঙিন ছবি;

জ। ড্রাইভিং লাইসেন্সের মূল কপি ও Applicant's Copy;

ঝ। অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

ঞ। নাগরিকত্ব সনদ ও চারিত্রিক সনদ;

ট। সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদেরকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত ছাড়পত্র;

ঠ। কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের (মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ, শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্র, তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন) সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ড। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩. প্রকাশিত ফলাফলে কোনো ত্রুটি পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তা পরিবর্তন/সংশোধন করার অধিকার সংরক্ষণ করবেন।

২২.১১.২০২৫

(ইমাম তৌহিদ হাসান শাকিল)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-রংপুর
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-রংপুর